Total No. of Printed Pages—8

**X/19/B (O)**

**2 0 1 9**

# BENGALI

( INDIAN LANGUAGE )

( Old Course )

**( COMPARTMENTAL CANDIDATES WITH INTERNAL ASSESSMENT )**

*Full Marks* : 80
*Pass Marks* : 24

**( NON-REGULAR, PRIVATE AND COMPARTMENTAL CANDIDATES WITHOUT INTERNAL ASSESSMENT )**

*Full Marks* : 100
*Pass Marks* : 30

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) The candidates are advised to attempt all questions accordingly.

(ii) Marks allocated to every question are indicated against each.

(iii) Question Nos. **1** to **11** are to be answered by **Compartmental Candidates with Internal Assessment**.

(iv) Question Nos. **12** and **13** are to be answered by **Non-regular, Private and Compartmental Candidates without Internal Assessment.**

## বিভাগ—ক

১। প্রতিটি প্রশ্নের উত্তর *একটি* শব্দ বা *একটি* বাক্য দ্বারা লেখ : ১×৩=৩

(ক) অপুর মায়ের নাম কী ?

(খ) ‘‘হিসেব আমার করাই আছে রে বাপু।’’ বক্তা কে ?

(গ) মহেন্দ্র সিংহের মেয়ের নাম কী ?

২। শূন্যস্থান পূর্ণ কর : ১×৩=৩

(ক) এই বলিয়া একটি মাটির ______ হাতে করিয়া মহেন্দ্র নিষ্ক্রান্ত হইলেন।

(খ) গ্রামের ______ বারোয়ারী চণ্ডীমণ্ডপের মধ্যে মজলিস বসিল।

(গ) সাগর কূলে বসিয়া বিরলে হেরিব ______ মালা।

৩। *একটি* শব্দ বা *একটি* বাক্য দ্বারা উত্তর লেখ : ১×৩=৩

(ক) ‘‘মার্টিই যদি মনে কর, তবে আসবারই বা কি দরকার ছিল ?’’ এই উক্তিটি কে, কাকে করেছিল ?

(খ) কল্যাণী কে ছিলেন ?

(গ) ‘‘প্রাণে না বাঁচিলে ধন ভোগ করিবে কে ?’’
কে, কাকে একথা বলেছিল ?

৪। অনধিক *ছটি* বাক্যে যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) ''মহেন্দ্র চলিয়া গেল।'' মহেন্দ্র কোথায় গেল? মহেন্দ্র চলে যাওয়ার পর সেখানে কি কি হয়েছিল, বর্ণনা দাও। ১+৩=৪

(খ) ''তোমার দেশের মেয়ে? তোমায় চিনতে পারলে?'' বক্তা কে? কাকে প্রশ্ন করা হয়েছে? সে যা দেখে এসেছে তার বর্ণনা দাও। ১+৩=৪

৫। অনধিক *পনেরোটি* বাক্যে যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) ''সেই বহু পরিবারের মধ্যে এখন তাঁহার ভার্যা ও তিনি স্বয়ং আর এক শিশু কন্যা। তাঁহাদেরই কথা বলিতেছিলাম।''

উপরোক্ত উক্তিটির মধ্যে 'তাঁহার ভার্যা', 'তিনি স্বয়ং' ও 'আর এক শিশুকন্যা'র করুণ কাহিনী বিবৃত কর।

(খ) ''কত গল্প, কত গ্রামের কিংবদন্তী, সেকাল-একালের কত কথা, পল্লী গৃহস্থের কত সুখ-দুঃখের কাহিনী—সে শুনিয়াছিল এই এক বছরে।'' উক্তিটি বিশদ কর।

## বিভাগ—খ

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) ''অন্তরে লভেছি তব বাণী
তাই তো মানি না ভয়, জীবনেরই জয় হবে জানি।''

উদ্ধৃতাংশটিতে 'তব' বলতে কার কথা বলা হয়েছে? কবি বুদ্ধদেব বসু কিসের 'ভয়'-এর উল্লেখ করেছেন? কবির সান্ত্বনাবাণীটি বিশদ কর।

(খ) মাইকেল মধুসূদন দত্ত 'বটবৃক্ষ' কবিতাটিতে বটবৃক্ষের যে রূপ বর্ণনা করেছেন তা লেখ।

## বিভাগ—গ

৭। অনধিক *পনেরোটি* বাক্যে যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) গারোদের সমাজব্যবস্থা ও সামাজিক উৎসব কি প্রকার? উৎসবের শ্রেষ্ঠ অঙ্গ যে পানীয় তা তৈরী করার পদ্ধতি সম্বন্ধে যা জান লেখ। ২+৩+৩=৮

(খ) গারোরা ভূত পূজা করে কেন? গারো পাহাড়ে অনুষ্ঠিত ভূত পূজার সংক্ষিপ্ত বিবরণ দাও। ৩+৫=৮

৮। অনধিক *একটি* বাক্যে উত্তর লেখ : ১×৪=৪

(ক) গারো পাহাড়ের গিরিশৃঙ্গ কৈলাসকে গারো ভাষায় কি বলা যায়?

(খ) ডেকাচ্যাং ও জিরা গ্রামের মধ্যবর্তী সৃষ্ট হ্রদটির নাম কী?

(গ) ১৮৭৫ সালে গারো পাহাড়ে গো-শকট চলাচলের প্রথম পথটি কোন্ ওভারসিয়র তৈরী করেছিল?

(ঘ) গারো পাহাড়ের প্রধান নদী কী?

## বিভাগ—ঘ

৯। নিম্নলিখিতগুলির উত্তর লেখ :

(ক) উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন **দুটি**) : ২×২=৪

তদ্ভব শব্দ; বিদেশী শব্দ; যোগরূঢ় শব্দ; ধ্বন্যাত্মক শব্দ; কর্মধারয় সমাস।

(খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যে-কোন **তিনটি**) : ২×৩=৬

সিংহাসন; এককড়ি; দুর্ভিক্ষ; হাতা-হাতি; প্রতিদিন; শূলপাণি।

(গ) সঠিক অর্থ নির্দেশ করে নিম্নলিখিত বাগ্‌ধারাগুলো দিয়ে বাক্য রচনা কর (যে-কোন **দুটি**) : ২×২=৪

তীর্থের কাক ; অন্ধের যষ্ঠি ; মাটির মানুষ ; ভস্মে ঘি ঢালা ; ধান ভানতে শিবের গীত ।

(ঘ) নিম্নলিখিত শব্দযুগলের অর্থপার্থক্য নির্দেশ কর (যে-কোন **চারটি**) : ১×৪=৪

ইতি–ঈতি ; কৃত–ক্রীত ; অংশ–অংস ; কুজন–কূজন ; আবরণ–আভরণ ; গিরিশ–গিরীশ ।

(ঙ) বাক্যসংকোচন কর (যে-কোন **তিনটি**) : ১×৩=৩

ক্ষমা করিবার ইচ্ছা ; কুম্ভ করে যে ; জয়সূচক উৎসব ; যে মমতা জানে না ; অরিকে দমন করে যে ; একই মায়ের পুত্র ; যে দিনে একবার আহার করে ; পরিব্রাজকের ভিক্ষা ।

## বিভাগ—ঙ

১০। নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে উল্লিখিত প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও (প্রতিটি অনধিক **তিনটি** বাক্যে) : ৮

পূর্ব পথে ব্রহ্মপুত্র জপ করে চলেছে বীজমন্ত্র, তার ধ্যানভঙ্গ হয়নি। চলেছে সে হাজার মাইল। পূর্ব পথে ভারতের ঈশান কোণে 'নাম্‌চাবারোয়া'র পর্বতশিখর প্রদক্ষিণ করে আসামে গিয়ে সে প্রবেশ করেছে। হিমালয়ের অপর পার দিয়ে ষোল হাজার ফুট উচ্চ মালভূমির সমতল পেরিয়ে সুদীর্ঘ বিস্তৃত এক সহস্র মাইল ধারাপথে ব্রহ্মপুত্র চলে এসেছে,—এর উদাহরণ দু'একটির বেশি নেই। ব্রহ্মপুত্রের আভিজাত্য হলো, সে কৈলাস মেরুর মানসপুত্র। কিন্তু এই নদ প্রথম বাধা পেলো সেইখানে, যেখানে দেবতাত্মা হিমালয় তাঁর জটা রাশির গ্রন্থি খুলে দিয়েছেন উত্তর আসাম থেকে দক্ষিণ আরাকানের দিকে।

সমতল আসামকে আমরা পাই ইতিহাসে, কিন্তু পার্বত্য বন্য আসামকে পাঠান-মোগল অথবা ইংরাজ আমলে অপেক্ষাকৃত সামান্যই পাই। কেবলমাত্র বর্তমান শতাব্দীর মধ্যকালে এসে আমরা দেখি প্রাণস্পন্দন শোনা যাচ্ছে পার্বত্য আসামে। প্রাণ স্ফুরিত হচ্ছে পাটকাই গিরিশ্রেণীর এখানে ওখানে, নাগা পাহাড়ের কোলে কোলে, মিসমি ও মিকিরদের পাড়ায় পাড়ায়। ভৈরবের ভয়াল রক্তচক্ষে সভ্যতার বিরুদ্ধে ওরা অস্ত্রধারণ করেছে এই শতাব্দীতে! ওখানে এতকাল ধরে সভ্যতার পায়ের চিহ্ন পড়েনি, এবং আধুনিক বিজ্ঞানের জয়-যাত্রায় ওদের কোনোদিন ডাক দেওয়া হয়নি। জন্তু-জানোয়ার, কীটপতঙ্গ, পক্ষী, সরীসৃপের সঙ্গে পার্বত্য আসাম এতকাল ধরে আপন জীবনকে মিলিয়ে একপাশে পড়েছিল।

সমতল আসাম উপত্যকাকে সবাই জেনে এসেছে এতকাল, কিন্তু পার্বত্য আসামের প্রকৃত স্বরূপকে জানবার চেষ্টা না করায় তারা ধীরে ধীরে যুগে যুগে অনাত্মীয় হয়ে উঠেছে। মিকির, ডফলা, মিরি, আবর, মিসমি ইত্যাদি বিভিন্ন জাতি বাসা বেঁধেছে মূল হিমালয়ের নীচে আসাম উপত্যকার উত্তরাংশে। একথা কখনও মনে করিনে, ওরা আমাদের লোক, ওদের সমাজ এবং জীবনধারা আমাদেরই একটা অংশমাত্র, ওদের অন্নবস্ত্র, আশ্রয় জোটে না—সে আমাদেরই অপরাধ। ওরা যে দুর্গম অঞ্চলের অধিবাসী হয়ে থাকতে বাধ্য হয়েছে, সে আমাদেরই প্রাণের টানের অভাবে।


(ক) কোন্ পথে ব্রহ্মপুত্র নদ আসামে প্রবেশ করেছে? ২

(খ) ব্রহ্মপুত্রের আভিজাত্য কী? ২

(গ) পার্বত্য উত্তর আসামে কোন্ কোন্ জাতির বাস? ২

(ঘ) পার্বত্য আসামবাসীরা কেন মধ্য শতাব্দী পর্যন্ত বিজ্ঞানের যাত্রায় সামিল হতে পারেনি? ২

**১১।** সংলগ্ন ছবিটি দেখে ছবিটির বিস্তৃত বিবরণ দাও : ১০



*অথবা*

নিম্নলিখিত যে-কোন **একটি** বিষয় সম্পর্কে অনুচ্ছেদ রচনা কর (২৫০ শব্দের মধ্যে) : ১০

(ক) ছাত্রজীবনের দায়িত্ব ও কর্তব্য

(খ) নারীশিক্ষার প্রয়োজনীয়তা

(গ) মেঘালয়ের অধিবাসী

*অথবা*

নিম্নলিখিত সংকেতগুলির প্রত্যেকটি অবলম্বন করে **একটি** গল্প রচনা কর (কেবলমাত্র দৃষ্টিহীন ছাত্র-ছাত্রীদের জন্য) : ১০

একজন গ্রামের লোক খাবারের দোকানের দিকে তাকিয়ে দাঁড়িয়ে ছিল—দোকানদার খাবারের গন্ধের দাম চাইল—জনৈক পথচারী গ্রাম্য লোকটিকে পরামর্শ দিল—পয়সার শব্দে মিষ্ট দ্রব্যের গন্ধের মূল্য পরিশোধ।

১২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন **চারটি**) : ২×৪=৮

(ক) মন্বন্তরের সময় পদচিহ্ন গ্রামে কি কি রোগ দেখা দিয়েছিল ?

(খ) ''মাটিই যদি মনে কর, তবে আসবারই বা কি দরকার ছিল ?'' কোন্ রচনা থেকে নেওয়া ? কার লেখা ?

(গ) ''বেশ, বেশ রিডিং ! কি নাম তোমার ?'' বক্তা কে ? কাকে বলা হয়েছে ?

(ঘ) ''অন্তরে লভেছি তব বাণী ।'' কার বাণী ? কোন্ কবিতার অংশ ?

(ঙ) গারোদের প্রধান উৎসব কি ?

১৩। যে-কোন **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৬×২=১২

(ক) 'ফুল্লরার বারমাস্যা' অবলম্বনে ফুল্লরা চরিত্র আলোচনা কর ।

(খ) পদচিহ্ন গ্রাম থেকে চটিতে পৌঁছানো পর্যন্ত মহেন্দ্র-কল্যাণীর অভিজ্ঞতার বর্ণনা দাও।

(গ) শেলীর কাছে সুপ্রিয়র শোনা বুনো হাতির ভয়ংকর আক্রোশের বর্ণনা দাও ।

★★★